বিধি	সময় মূল্য, ইত্যাদি
৭৭	**পণ্যের অতিরিক্ত সরবরাহ এবং পুনরাবৃত্ত ক্রয়াদেশ এর ক্ষেত্রে মূল্যসীমা ঃ** ▸ মূল চুক্তি মূল্যের অনধিক ১৫% (শতকরা পনের ভাগ)।
৭৮(৩)	**ভেরিয়েশন অর্ডার এবং অতিরিক্ত কার্য ভৌত সেবা ক্রয়ের মূল্যসীমা ঃ** ▸ মূল চুক্তি মূল্যের অনধিক ১৫% (শতকরা পনের ভাগ)।
৭৯(১)	**ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশ দাবী করার সময়সীমা ঃ** ▸ Variation order বা অতিরিক্ত কার্যাদেশের প্রয়োজনীয়তা সম্পর্কে অবহিত হওয়ার ৭(সাত) পঞ্জিকা দিবসের মধ্যে।
৭৯(২)(গ)	**ভেরিয়েশন অর্ডার এবং অতিরিক্ত কার্যাদেশ প্রক্রিয়াকরণের সময়সীমা ঃ** ▸ ভেরিয়েশন অর্ডার প্রণয়ন হইতে অনুমোদন পর্যন্ত ৩০ (ত্রিশ) দিনের অধিক হইবে না।
৮০(৪)(খ)	**প্রকল্পের আওতায় কার্যের ক্রমপুঞ্জিত বৃদ্ধি ঃ** ▸ সমন্বয়কৃত (adjusted) মূল চুক্তি মূল্যের অনধিক ১০% (শতকরা দশ ভাগ)।
৮১	[1][**সরাসরি নগদ ক্রয়ের বাৎসরিক মোট পরিমাণ ঃ** ▸ প্রতি ক্রয়ের ক্ষেত্রে অনধিক ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা কিন্তু বৎসরে অনধিক ১০ (দশ) লক্ষ টাকা।]
৮২	**ফোর্স একাউন্ট (Force Account) এর অধীন বাৎসরিক মোট ক্রয়ের পরিমাণ ঃ** ▸ প্রতিটি ক্ষেত্রে অনধিক [2][৩(তিন)] লক্ষ টাকা।
৮৩(১)(ক)	**আন্তর্জাতিক প্রতিযোগিতার মাধ্যমে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের দরপত্র প্রস্তুত ও দাখিলের সময়সীমা ঃ** ▸ উন্মুক্ত দরপত্র পদ্ধতির ক্ষেত্রে, পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে ৪২ (বিয়াল্লিশ) দিনের কম হইবে না ; ▸ পুনঃদরপত্র আহ্বানের ক্ষেত্রে, পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে ২৮ (আটাশ) দিনের কম হইবে না ; ▸ দুই পর্যায়বিশিষ্ট দরপত্র পদ্ধতির ক্ষেত্রে, পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে প্রথম পর্যায়ের জন্য ৪২ (বিয়াল্লিশ) এবং দ্বিতীয় পর্যায়ের জন্য ২১ (একুশ) দিনের কম হইবে না।
৮৩(১)(ঙ) এবং ৯৮(২১)(ঙ)	**বাংলাদেশী সরবরাহকারী ও ঠিকাদারগণের স্থানীয় অগ্রাধিকার (domestic preference)** ▸ পণ্যের ক্ষেত্রে সরবরাহ মূল্যের (delivered price) অনধিক ১৫% (শতকরা পনের ভাগ) ; ▸ কার্যের ক্ষেত্রে চুক্তি মূল্যের অনধিক ৭.৫% (শতকরা সাড়ে সাত ভাগ)।

[1]এস, আর, ও নং ৩৪৫-আইন/২০১৬, তারিখ ঃ ২১ নভেম্বর, ২০১৬ দ্বারা "শিরোনাম ও এন্ট্রি" প্রতিস্থাপিত, সেকশন-৩০ (ঞ)।

[2]এস, আর, ও নং ৩৪৫-আইন/২০১৬, তারিখ ঃ ২১ নভেম্বর, ২০১৬ দ্বারা "২ (দুই)" এর পরিবর্তে "৩ (তিন)" প্রতিস্থাপিত, সেকশন-৩০ (ট)।

অংশ-৫
অভ্যন্তরীণ ক্রয় ঃ সরাসরি ক্রয় পদ্ধতি

৭৪। **সরাসরি ক্রয় পদ্ধতি**।–(১) ক্রয়কারী দরপত্র প্রক্রিয়া বা অন্য কোন ক্রয় পদ্ধতি প্রয়োগ ব্যতিরেকে, সরাসরি ক্রয় পদ্ধতি প্রয়োগ করিয়া একটি উৎস হইতে পণ্য ও সংশ্লিষ্ট সেবা, বা কার্য ও ভৌত সেবা ক্রয় করিতে পারিবে, তবে কোন অবস্থাতেই অবাধ প্রতিযোগিতা এড়াইবার বা কোন নির্দিষ্ট ব্যক্তি, সরবরাহকারী ও ঠিকাদারের প্রতি বৈষম্য সৃষ্টি বা আনুকূল্য প্রদর্শনের উদ্দেশ্যে এই পদ্ধতি প্রয়োগ করা যাইবে না।

(২) সরাসরি ক্রয় পদ্ধতিতে অবাধ প্রতিযোগিতার সুফল পাওয়া যায় না বা স্বচ্চতার অভাব থাকে বা অগ্রহণযোগ্য এবং প্রতারণামূলক তৎপরতাকে উৎসাহিত করা হইতে পারে বিধায় ক্রয়কারী কার্যালয় প্রধান এই পদ্ধতির প্রয়োগ কঠোরভাবে নিয়ন্ত্রণ করিবেন।

(৩) এই বিধিমালায় বর্ণিত পরিস্থিতিতেই যেন এই পদ্ধতির প্রয়োগ সীমিত থাকে এবং ইহার কোন অপব্যবহার না হয়, তাহা নিশ্চিত করার জন্য সরাসরি ক্রয় পদ্ধতি প্রয়োগের সিদ্ধান্ত ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক অনুমোদিত হইতে হইবে [১]ঃ

তবে শর্ত থাকে যে, বিধি ৮১ এবং বিধি-৮২ এ বর্ণিত ক্রয় পদ্ধতির ক্ষেত্রে বাজেট বরাদ্দ এবং বাজেট বিভাজন অনুমোদন সাপেক্ষে, ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদন প্রয়োজন হইবে না।]

(৪) ব্যতিক্রমী ক্ষেত্রে, কোন মূল চুক্তির ব্যাপ্তি মোতাবেক কাজ জরুরীভিত্তিতে সমাপ্ত করা আবশ্যক হইলে, যে অনুমোদনকারী কর্তৃপক্ষ মূল চুক্তি সম্পাদনের অনুমোদন প্রদান করিয়াছিল, উহার পরবর্তী উচ্চতর পর্যায়ের কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তফসিল-২ এ বর্ণিত মূল্যসীমার ঊর্ধ্বের ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশ বা পুনরাবৃত্ত ক্রয়াদেশ অথবা অতিরিক্ত পণ্য সরবরাহের আদেশ প্রদান করা যাইবে।

ব্যাখ্যা ঃ মূল অনুমোদনকারী কর্তৃপক্ষ ক্রয়কারী হইলে, ক্রয়কারী কার্যালয় প্রধান, এবং ক্রয়কারী কার্যালয় প্রধান মূল অনুমোদনকারী কর্তৃপক্ষ ও সচিব পর্যায়ের নিম্নে হইলে, মন্ত্রণালয় বা বিভাগের সচিব এবং অনুরূপভাবে পরবর্তী পর্যায়ের কর্তৃপক্ষ, তফসিল-২ এ বর্ণিত মূল্যসীমার ঊর্ধ্বের ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশ বা পুনরাবৃত্ত ক্রয়াদেশ অথবা অতিরিক্ত পণ্য সরবরাহের আদেশ অনুমোদন করিবে।

৭৫। **সরাসরি ক্রয় চুক্তির ধরন**।–(১) প্রসঙ্গের পরিপন্থী না হওয়া সাপেক্ষে, নিম্নবর্ণিত যে কোন ক্ষেত্রে সরাসরি ক্রয় পদ্ধতি প্রয়োগ করা যাইতে পারে–

(ক) সরাসরি চুক্তি (direct contracting) ;

(খ) অতিরিক্ত সরবরাহ এবং পুনরাবৃত্ত ক্রয়াদেশ (additional deliveries and repeat orders) ;

(গ) ভেরিয়েশন অর্ডার (Variation orders) ;

(ঘ) অতিরিক্ত কার্যাদেশ (extra work order) ;

[১] এস, আর, ও নং ২০৩-আইন/২০০৯, তারিখ ঃ ১২ আগস্ট, ২০০৯ দ্বারা দাঁড়ির "।" পরিবর্তে কোলন "(ঃ)" প্রতিস্থাপিত এবং শর্তাংশ সংযোজিত, সেকশন-২১।

(আ) কার্য শুরুর অব্যবহিত পরে এই ধরনের ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত আদেশ প্রণয়ন করিয়া বিধি ৩৬ অনুসারে যথাযথ কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য দাখিল করিতে হইবে।

(৫) যথাযথ অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনের পর ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশের অধীন সন্তোষজনকভাবে সম্পাদিত কার্যের মূল্য পরিশোধ করা যাইতে পারে।

(৬) ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশের সহিত জড়িত ক্রমপুঞ্জিত কার্যের মূল্যের পরিমাণ [১][তফসিল-২ এ বিধি ৭৮(৩) এর বিপরীতে] মূল চুক্তিমূল্যের অতিরিক্ত হইলে, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত না হওয়া পর্যন্ত উক্ত কার্যাদেশের অধীন সম্পাদিতব্য কার্য শুরু করা যাইবে না।

৮১। **সরাসরি নগদ ক্রয়**।–(১) ক্রয়কারী, তফসিল-২ এ বর্ণিত মূল্য ও বাৎসরিক মোট ব্যয় সীমার মধ্যে স্বল্প মূল্যের পণ্য এবং জরুরী ও আবশ্যকীয় সেবা (যেমন-রক্ষণাবেক্ষণ, মেরামত, পরিবহন এবং অন্যান্য সেবা, ইত্যাদি) সরাসরি ক্রয় করিতে পারিবে।

(২) ক্রয়কারী, ক্রয়ের প্রকৃতি বিবেচনায়, কোন কর্মকর্তা বা, তৎকর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত অনধিক ৩ (তিন) সদস্যবিশিষ্ট ক্রয় কমিটি এর মাধ্যমে এই ধারার অধীন কোন ক্রয়কার্য সম্পন্ন করিতে পারিবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন ক্রয়ের ক্ষেত্রে নগদ বা চেকের মাধ্যমে মূল্য পরিশোধ করা যাইবে এবং উক্ত ক্ষেত্রে কোন ক্রয় আদেশ বা চুক্তি স্বাক্ষর করা আবশ্যক হইবে না।

৮২। **ফোর্স একাউন্ট এর প্রয়োগ**।–(১) তফসিল-২ এ বর্ণিত মূল্যসীমার মধ্যে ব্যয় সীমিত থাকা সাপেক্ষে, বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে সরাসরি শ্রমিক নিয়োগের ক্ষেত্রে Force Account প্রয়োগ করা যাইতে পারে।

(২) ফোর্স একাউন্ট এর অধীন বিভাগীয় কার্য সম্পাদনের লক্ষ্যে উপকরণ ও যন্ত্রপাতি ক্রয় এবং অতিরিক্ত সরঞ্জামাদি ভাড়া করিবার ক্ষেত্রে অন্যান্য ক্রয়পদ্ধতি যথা–কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি বা ধারা ৭৬ এর অধীন সরাসরি চুক্তি পদ্ধতি ব্যবহার করা যাইতে পারে।

অংশ–৬

আন্তর্জাতিক ক্রয়

৮৩। **আন্তর্জাতিক প্রতিযোগিতার ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতি প্রয়োগের শর্তাবলী ও কার্যপ্রণালী**।–(১) আইনের ধারা ৩৩ এর উদ্দেশ্য পূরণকল্পে, আন্তর্জাতিক দরপত্রের ক্ষেত্রে নিম্নবর্ণিত অতিরিক্ত শর্তাবলীর প্রতিপালন নিশ্চিত করিতে হইবে ঃ

---

[১]এস, আর, ও নং ২০৩-আইন/২০০৯, তারিখ ঃ ১২ আগস্ট, ২০০৯ দ্বারা "তফসিল-২ এ বর্ণিত" শব্দগুলি ও সংখ্যার পরিবর্তে "তফসিল-২ এ বিধি ৭৮ (৩) এর বিপরীতে" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত, সেকশন-২৪।

(৩) উপবিধি (১)-এর অধীন ক্রয়ের ক্ষেত্রে নগদ বা চেকের মাধ্যমে মূল্যপরিশোধ করা যাইবে এবং উক্ত ক্ষেত্রে কোনো ক্রয় আদেশ বা চুক্তিস্বাক্ষর করা আবশ্যক হইবে না।

১০১। **ফোর্স অ্যাকাউন্টের প্রয়োগ।**—(১) তফসিল-২-এ বর্ণিত মূল্যসীমার মধ্যে ব্যয়সীমিত থাকা এবং বরাদ্দ বিভাজন অনুমোদনসাপেক্ষে, বিভাগীয় প্রয়োজনে মজুরির বিনিময়ে সরাসরি শ্রমিক নিয়োগের ক্ষেত্রে ফোর্স অ্যাকাউন্ট প্রয়োগ করা যাইতে পারে এবং নগদ ক্রয়ের ন্যায় এইক্ষেত্রেও ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদন প্রয়োজন হইবে না।

(২) ফোর্স অ্যাকাউন্টের অধীন বিভাগীয় কার্যসম্পাদনের লক্ষ্যে উপকরণ ও যন্ত্রপাতি ক্রয় এবং অতিরিক্ত সরঞ্জামাদি ভাড়া করিবার ক্ষেত্রে অন্যান্য ক্রয়পদ্ধতি যথা—কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি বা বিধি ৯৯-এর অধীন সরাসরি চুক্তি পদ্ধতি বা বিধি ১০০-এর অধীন নগদ ক্রয়ের ব্যবহার করা যাইতে পারে।

অংশ-৮

আন্তর্জাতিক ক্রয়

১০২। **আন্তর্জাতিক প্রতিযোগিতার ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতি প্রয়োগের শর্তাবলি ও কার্যপ্রণালি।**—(১) আইনের ধারা ৩৩-এর উদ্দেশ্য পূরণকল্পে, আন্তর্জাতিক দরপত্রের ক্ষেত্রে নিম্নবর্ণিত অতিরিক্ত শর্তাবলির প্রতিপালন নিশ্চিত করিতে হইবে:

(ক) দরপত্র দাখিলের জন্য সময়সীমা এমনভাবে নির্ধারণ করিতে হইবে যাহাতে সম্ভাব্য সকল দরপত্রদাতার নিকট দরপত্র দাখিলের আহ্বান পৌঁছায় এবং তাহারা দরপত্র প্রস্তুত ও দাখিলের জন্য পর্যাপ্ত সময় পায় এবং পুনরায় দরপত্র আহ্বান করিবার ক্ষেত্রে তফসিল-২-এ বর্ণিত ন্যূনতম সময় পায়:

তবে শর্ত থাকে যে, সরকার, আইনের ধারা ৬৮-এ বর্ণিত রাষ্ট্রীয় জরুরি প্রয়োজনে বা বিপর্যয়কর কোনো ঘটনা মোকাবিলার জন্য ক্রয়ের ক্ষেত্রে, জনস্বার্থে, সরকার কর্তৃক গঠিত অর্থনৈতিক বিষয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশক্রমে, ক্রয়প্রক্রিয়ার সময়সীমা হ্রাস করিতে পারিবে।

(খ) আন্তর্জাতিক মান বা আন্তর্জাতিক বাণিজ্যে বহুল ব্যবহৃত মানের ভিত্তিতে কারিগরি মাননির্ধারণ করিতে হইবে এবং উহা বাংলাদেশে ব্যবহৃত মানের সহিত সংগতিপূর্ণ হইতে হইবে;

(গ) বাংলাদেশি মান অনন্য (Unique) বলিয়া বিবেচিত হইলে অধিক প্রতিযোগিতা নিশ্চিত করিবার জন্য উক্ত মানের সহিত 'অথবা সমতুল্য (Equivalent)' শব্দগুলি যুক্ত করিতে হইবে।

(ঘ) দরপত্রদাতাগণকে দরপত্র, দরপত্র জামানত বা কার্যসম্পাদন জামানত যেসকল মুদ্রায় উদ্ধৃত করিবার অনুমতি প্রদান করা হইবে উহা দরপত্র দলিলে উল্লেখ করিতে হইবে এবং দরপত্রে উদ্ধৃত উক্ত মুদ্রা বা মুদ্রাসমূহ উল্লেখ করিয়া চুক্তিসম্পাদন ও চুক্তিমূল্য পরিশোধ করিতে হইবে;

ঢাকা ওয়াসা

১। ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম-পরিকল্পনার কপি।
২। অর্থ মন্ত্রণালয় কর্তৃক অফিস আদেশের কপি।
৩। প্রাক্কলন।

বিষয়ঃ এফ.এম বিভাগ-১ এর মাধ্যমে জরুরী ব্রেক ডাউন কাজ করার নিমিত্তে এবং নতুন/পুরাতন মালামাল লোডিং-আনলোডিং কাজে দৈনিক লেবার খাটানোর খরচের অনুমোদন প্রসংঙ্গে।

১। মড্স সার্কেল-১ এর আওতাধীন ৬৫০ টির অধিক কূপের বৈদ্যুতিক ও যান্ত্রিক মেরামত-রক্ষণাবেক্ষন কাজ দিবা/রাত্রি এফ.এম বিভাগ-১ এর মাধ্যমে করা হয়ে থাকে। নতুন কূপ স্থাপনের পাশাপাশি প্রতিস্থাপিত, রিজেনারেশনকৃত ও রিহ্যাবিলেটেশন কূপ চালু করে Dual Pump চালানোর ফলে গভীর নলকূপের সংখ্যা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। এছাড়া পানির স্তর নিম্নগামী হওয়ায় প্রতি ব্রেকডাউন কাজে এক বা একাধিক কলাম পাইপ সংযোজন করতে হয়। নতুন খননকৃত কূপে হাউজিং গভীরতা ৪৩০ ফুট এর অধিক। বিভাগীয় লোকবল দ্বারা প্রতিদিন কাজ করেও জোন কর্তৃক হতে প্রাপ্ত অভিযোগ তাৎক্ষণিক ব্যবস্থা নেয়া সম্ভব হয় না। অন্যদিকে এফ.এম.বিভাগ-১ এর জনবল পূর্বের তুলনায় অনেক কম। বদলী, অবসর জনিত, মৃত্যু বরণ ইত্যাদি কারণে পদ শূন্য হলেও নতুন নিয়োগ বা অন্য বিভাগ থেকে বদলী করে উক্ত শূন্য পদ পূরণ করা হচ্ছে না। ইতিমধ্যে ভিন্ন ভিন্ন নথিতে প্রশাসন বিভাগ-১ ও ২ এ লোকবরের চাহিদা প্রেরণ করা হয়েছে। অধ্যবদি প্রয়োজনীয় সংখ্যক জনবল পাওয়া যায়নি। তাছাড়া প্রতিটি ব্রেক ডাউন কাজ করতে প্রতিটি টিমে ১০/১১ জন জনবল প্রয়োজন হয়। বাস্তবে প্রতিটি টিমে ৭/৮ জন করে জনবল রয়েছে। এরমধ্যে অসুস্থতা, ছুটি-ছাটা জনিত কারণে প্রতিটি ব্রেক ডাউন টিমে জনবল আরও কমে যায়। যার ফলে পর্যাপ্ত সংখ্যক জনবল ঘাটতির কারণে যথাসময়ে ব্রেক ডাউন টিম মবিলাইজড করতে বিলম্ব ঘটে। তাছাড়া প্রতিদিনকার মেরামত-রক্ষণাবেক্ষন কাজ চালু রাখার স্বার্থে ঢাকা ওয়াসার কেন্দ্রিয় ভান্ডার হতে ইনডেন্ড এর মাধ্যমে প্রচুর সংখ্যক নতুন স্পেয়ার মালামাল আনতে হয় এবং বিভাগীয় ভান্ডার হতে পুরাতন ও অকেজো বৈদ্যুতিক ও যান্ত্রিক হেভী ওয়েট মালামাল যেমনঃ সাব-মারসিবল পাম্প মোটর, ট্রান্সফরমার, এইচটি ক্যাবল, এলটি ক্যাবল, এলটি প্যানেল, ভি এফ ডি, ডিওএফসি/লাইটনিং এরেষ্টার, নন-রিটার্ন ভাল্ব, শর্টপিচ, এম এস পোল ইত্যাদি মালামাল কেন্দ্রিয় ভান্ডারে এম আর এস এর মাধ্যমে জমা করতে হয় । তাছাড়া বিভিন্ন জায়গায় বৈদ্যুতিক এইচটি ফল্ট দেখা দিলে জরুরী ভিত্তিতে পাকা রোড ভেঙ্গে ক্যাবল মেরামত/পরিবর্তন কাজেও প্রয়োজনীয় সংখ্যক লেবার সরবরাহ করে কাজটি সম্পন্ন করতে হয়। সেপ্রেক্ষিতে প্রয়োজন অনুযায়ী লেবার নিয়োজিত করে নতুন/পুরাতন মালামাল আনা-নেওয়া ও লোডিং-আনলোডিং করার জন্য একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যাতে টাকার পরিমান দাঁড়িয়েছে সর্বমোটঃ ২,৯৬,০০০/-(দুই লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার এফ.এম.বিভাগ-১ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার পানির পাম্প রক্ষণাবেক্ষণ খাতের (SL-41, PW-32) হতে নির্বাহ করা হবে (কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে এফ.এম বিভাগ-১ এর মাধ্যমে জরুরী ব্রেক ডাউন কাজ করার নিমিত্তে এবং নতুন/পুরাতন মালামাল লোডিং-আনলোডিং কাজে প্রয়োজন অনুযায়ী দৈনিক লেবার খাটানোর খরচের অনুমোদন বাবদ কাজটি করার লক্ষ্যে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৮২(১) ধারা (Force Account) অনুসারে সর্বমোটঃ ২,৯৬,০০০/-(দুই লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকা মাত্র প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ উক্ত টাকার চেক নির্বাহী প্রকৌশলী এফ এম বিভাগ-১ এর অনুকূলে অনুমোদন করা যেতে পারে। ইস্যুকৃত চেক হতে প্রাপ্ত টাকা বর্ণিত কাজে ব্যয় করা হবে এবং কাজ শেষে লেবার বিলের মাধ্যমে উহা সমন্বয় করা হবে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

SE RP&M

AE

EE

৬/৮/২৫
মোঃ আবুল হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
এফ.এম. বিভাগ-১, ঢাকা ওয়াসা।

৬/৮/২৫
মোঃ গোলাম মোস্তফা
সহকারী প্রকৌশলী
এফ.এম বিভাগ-১ ঢাকা ওয়াসা

06/08/2025
মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী
এফ.এম.বিভাগ-১, ঢাকা ওয়াসা।

7.8.2025
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম সার্কেল
ঢাকা ওয়াসা।

EE

০৩। অনুমোদিত

১৩/০৮
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

14/08/2025

AE

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
বাজেট শাখা
www.lgd.gov.bd

নম্বরঃ ৪৬.০০.০০০০.০৩.০২০.০০৯.২৩-৯৮২

তারিখঃ ৩ ভাদ্র ১৪৩২
১৮ আগস্ট ২০২৫

বিষয় ঃ "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫"-এর আওতায় শ্রমিক-এর মজুরির হার পুনঃনির্ধারণ সংক্রান্ত।

সূত্র ঃ অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-৩)-১৩০, তারিখঃ ২২/০৫/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫"-এর আওতায় শ্রমিক-এর মজুরির হার পুনঃনির্ধারণ সংক্রান্ত অর্থ বিভাগ হতে প্রাপ্ত পরিপত্র মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

নির্বাহী প্রকৌশলীর দপ্তর, নং ৯০৬, তাং ১৮/০৯/২৫, এম. বি-১, ঢাকা

স্বাক্ষরিত/-
মোঃ আকবর হোসেন
উপসচিব
ফোনঃ ০২-৫৫১০১১৮১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ
১. যুগ্মসচিব (সিটি কর্পোরেশন-১/ পৌর-১/ উপজেলা-২) স্থানীয় সরকার বিভাগ।
২. উপসচিব (সিটি কর্পোরেশন-২/জেলা পরিষদ/উপজেলা-১/পৌর-২/ইউনিয়ন পরিষদ-১/ইউনিয়ন পরিষদ-২/পাস-১/পাস-২), স্থানীয় সরকার বিভাগ।
৩. সিনিয়র সহকারী সচিব (মনিটরিং-১/ পাস-৩), স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ
১. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা।
২. রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ঢাকা।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৫. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৬. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।
৮. অফিস কপি।

AE/SAE
বিবেচনার্থে নিন।
18/09/2025

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-২ অধিশাখা
www.mof.gov.bd

নম্বরঃ ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-৩)-১৩০

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ ১৪৩২
২২ মে ২০২৫

পরিপত্র

বিষয়ঃ "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫"-এর আওতায় শ্রমিক-এর মজুরির হার পুনঃনির্ধারণ।

সরকারের মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এর আওতায় জরুরি কার্য সম্পাদনে সম্পূর্ণরূপে সাময়িকভাবে দৈনিক ভিত্তিতে শ্রমিক নিয়োজিতকরণের লক্ষ্যে প্রণীত "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫" অনুযায়ী সরকার সাময়িক শ্রমিকের দৈনিক মজুরির হার নিম্নবর্ণিত শর্তে পুনঃনির্ধারণ করলঃ

ক্রঃ নং	দপ্তরের অবস্থান	বিদ্যমান		পুনঃনির্ধারিত	
		শ্রমিকের ধরণ	দৈনিক মজুরির হার (টাকা)	শ্রমিকের ধরণ	দৈনিক মজুরির হার (টাকা)
(০১)	(০২)	(০৩)	(০৪)	(০৫)	(০৬)
১।	ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা	নিয়মিত দক্ষ শ্রমিক	৬০০/- (ছয় শত)	দৈনিক ভিত্তিতে নিয়োজিত সাময়িক শ্রমিক	৮০০/- (আট শত)
		অনিয়মিত অদক্ষ শ্রমিক	৫৭৫/- (পাঁচ শত পঁচাত্তর)		
২।	বিভাগীয় শহর এবং অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা	নিয়মিত দক্ষ শ্রমিক	৬০০/- (ছয় শত)		৭৫০/- (সাত শত পঞ্চাশ)
		অনিয়মিত অদক্ষ শ্রমিক	৫৫০/- (পাঁচ শত পঞ্চাশ)		
৩।	জেলা ও উপজেলা এলাকা	নিয়মিত দক্ষ শ্রমিক	৫৫০/- (পাঁচ শত পঞ্চাশ)		৭৫০/- (সাত শত)
		অনিয়মিত অদক্ষ শ্রমিক	৫০০/- (পাঁচ শত)		

শর্তাবলীঃ
ক) "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫" অনুযায়ী শ্রমিক নিয়োজন, মজুরি প্রদান এবং উপযুক্ত কর্মপরিবেশ নিশ্চিতসহ অন্যান্য নির্দেশনা অনুসরণ করতে হবে;
খ) শ্রমিকের সংখ্যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে;
গ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/সংস্থার অনুকূলে বরাদ্দকৃত বাজেট থেকে এ ব্যয় নির্বাহ করতে হবে;
ঘ) উল্লিখিত দৈনিক মজুরির হারে মাসিক ভিত্তিতে শ্রমিক নিয়োগ করা যাবে না;

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-২ অধিশাখা
www.mof.gov.bd

০৮ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
নং-০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-৩)-১৩০ তারিখঃ ---------------------------
২২ মে ২০২৫ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়ঃ "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫"-এর আওতায় শ্রমিক-এর মজুরির হার পুনঃনির্ধারণ।

সরকারের মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এর আওতায় জরুরি কার্য সম্পাদনে সম্পূর্ণরূপে সাময়িকভাবে দৈনিক ভিত্তিতে শ্রমিক নিয়োজিতকরণের লক্ষ্যে প্রণীত "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫" অনুযায়ী সরকার সাময়িক শ্রমিকের দৈনিক মজুরির হার নিম্নবর্ণিত শর্তে পুনঃনির্ধারণ করলঃ

ক্রঃ নং	দপ্তরের অবস্থান	বিদ্যমান		পুনঃনির্ধারিত	
		শ্রমিকের ধরণ	দৈনিক মজুরির হার (টাকা)	শ্রমিকের ধরণ	দৈনিক মজুরির হার (টাকা)
(০১)	(০২)	(০৩)	(০৪)	(০৫)	(০৬)
১।	ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা	নিয়মিত দক্ষ শ্রমিক	৬০০/- (ছয় শত)	দৈনিক ভিত্তিতে নিয়োজিত সাময়িক শ্রমিক	৮০০/- (আট শত)
		অনিয়মিত অদক্ষ শ্রমিক	৫৭৫/- (পাঁচ শত পঁচাত্তর)		
২।	বিভাগীয় শহর এবং অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা	নিয়মিত দক্ষ শ্রমিক	৬০০/- (ছয় শত)		৭৫০/- (সাত শত পঞ্চাশ)
		অনিয়মিত অদক্ষ শ্রমিক	৫৫০/- (পাঁচ শত পঞ্চাশ)		
৩।	জেলা ও উপজেলা এলাকা	নিয়মিত দক্ষ শ্রমিক	৫৫০/- (পাঁচ শত পঞ্চাশ)		৭০০/- (সাত শত)
		অনিয়মিত অদক্ষ শ্রমিক	৫০০/- (পাঁচ শত)		

শর্তাবলিঃ

ক) "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫" অনুযায়ী শ্রমিক নিয়োজন, মজুরি প্রদান এবং উপযুক্ত কর্মপরিবেশ নিশ্চিতসহ অন্যান্য নির্দেশনা অনুসরণ করতে হবে;
খ) শ্রমিকের সংখ্যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে;
গ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/সংস্থার অনুকূলে বরাদ্দকৃত বাজেট থেকে এ ব্যয় নির্বাহ করতে হবে;
ঘ) উল্লিখিত দৈনিক মজুরির হারে মাসিক ভিত্তিক শ্রমিক নিয়োগ করা যাবে না;
ঙ) এ বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
চ) এ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এই পরিপত্র ১ জুলাই, ২০২৫ তারিখ থেকে কার্যকর হবে এবং উক্ত তারিখ হতে অর্থ বিভাগ কর্তৃক ইতঃপূর্বে জারীকৃত এতদবিষয়ক শ্রমিক মজুরি সংক্রান্ত আদেশ/পরিপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে।

22/5/2025

(ড. মোঃ ফেরদৌস আলম)
যুগ্মসচিব
ফোন: ০২-৯৫৪০২৯১
ই-মেইল: afardous@finance.gov.bd

বিতরণ:

(১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
(২) মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
(৩) সিনিয়র সচিব/সচিব...মন্ত্রণালয়/বিভাগ।
(তাঁর অধীনস্থ সংশ্লিষ্ট দপ্তর সমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
(৪) হিসাব মহানিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
(৫) অর্থ উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৬) সচিব, অর্থ বিভাগ মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাঁকে পরিপত্রটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
(৮) অফিস কপি।

Sl. No.	Pack. No.	Description of Works & Goods	Unit	Qty	Proc. Method & Types	Source of Fund	Contract Approving Authority	Estimated Cost in TK (Lakh)	Time Code	Invitation of Tender	Tender Opening & Evaluation	Contract Sign	Contract Completio Date
27	PW18	Periodical preventive maintenance and servicing of Transformer and other Electric apparatus by Withdrawal & Re-installation of Various Capacity Transformer of different pump station under MODS Zone- 6, FM Division-1	Item	1	LTM (e-GP)	DWASA Own fund	MD	13.00	Plan Dates	1-Aug-25	16-Aug-25	28-Aug-25	10-Sep-25
									Actual Dates				
28	PW19	Repairing of axial thrust bearing for submersible pump motor set under F.M.Division-1	Item	1	LTM (e-GP)	DWASA Own fund	CE	5.00	Plan Dates	15-Sep-25	29-Sep-25	20-Oct-25	25-Oct-25
									Actual Dates				
29	PW20	Installation of water level sensor and Temperature sensor for SCADA related pump under FM Division-1 DWASA.	Item	1	LTM (e-GP)	DWASA Own fund	DMD	6.00	Plan Dates	15-Sep-25	29-Sep-25	20-Oct-25	25-Oct-25
									Actual Dates				
30	PW21	Periodical preventive maintenance and servicing of pump motor set, column pipe and other electric apparatus by Withdrawal & Re-installation of different pump station under MODS Zone-2 and 3, FM Division-1.	Item	1	LTM (e-GP)	DWASA Own fund	MD	20.00	Plan Dates	1-Aug-25	16-Aug-25	28-Aug-25	10-Sep-25
									Actual Dates				
31	PW22	Periodical preventive maintenance and servicing of pump motor set, column pipe and other electric apparatus by Withdrawal & Re-installation of different pump station under MODS Zone-1 and 7 FM Division-1	Item	1	LTM (e-GP)	DWASA Own fund	MD	20.00	Plan Dates	15-Sep-25	29-Sep-25	20-Oct-25	25-Oct-25
									Actual Dates				
32	PW23	Periodical preventive maintenance and servicing of pump motor set, column pipe and other electric apparatus by Withdrawal & Re-installation of different pump station under MODS Zone-6, FM Division-1	Item	1	LTM (e-GP)	DWASA Own fund	MD	20.00	Plan Dates	1-Jan-26	16-Jan-26	25-Jan-26	20-Jun-26
									Actual Dates				
33	PW24	Raising of housing pipe and joist with necessary adjustment of delivery line of MODS Zone- 2 and 3 under FMD-1	Item	1	LTM (e-GP)	DWASA Own fund	DMD	10.00	Plan Dates	1-Aug-25	16-Aug-25	28-Aug-25	10-Sep-25
									Actual Dates				
34	PW25	Raising of housing pipe and joist with necessary adjustment of delivery line of MODS Zone-6 under FMD-1	Item	1	LTM (e-GP)	DWASA Own fund	DMD	10.00	Plan Dates	15-Sep-25	29-Sep-25	20-Oct-25	25-Oct-25
									Actual Dates				
35	PW26	Installation of sub pump motor making provision for dual pump motor operation at . different pump stations under MODS Circle-1 of Dhaka WASA.	Item	1	LTM (e-GP)	DWASA Own fund	DMD	10.00	Plan Dates	1-Aug-25	16-Aug-25	28-Aug-25	10-Sep-25
									Actual Dates				
36	PW27	Installation of Sub pump motor of New/Replacement/Re-generation DTW and making provision for dual pump motor operation at different pump stations under MODS Circle-1 of Dhaka WASA.	Item	1	LTM (e-GP)	DWASA Own fund	DMD	10.00	Plan Dates	1-Aug-25	16-Aug-25	28-Aug-25	10-Sep-25
									Actual Dates				
37	PW28	Withdrawal & Re-Installation (Breakdown/Preventive maintenance) of Sub-Pump Motor set at Different Pump Stations under FM Division-1 of Dhaka WASA.	Item	1	LTM (e-GP)	DWASA Own fund	MD	15.00	Plan Dates	15-Sep-25	29-Sep-25	20-Oct-25	25-Oct-25
									Actual Dates				
38	PW29	Installation of earthing system for pump motor set, VFD panel board, LT-CT meter panel, SCADA panel at MODS Zone- 2 and 3 under FM Division-1of Dhaka WASA	Item	1	LTM (e-GP)	DWASA Own fund	MD	12.00	Plan Dates	1-Aug-25	16-Aug-25	28-Aug-25	10-Sep-25
									Actual Dates				
39	PW30	Replacement of Pole/Pad Mounted Transformer, Change Burnt over Head Loop by Heat Shrink Termination Kits & Other Ancillary Works at Different MODS Zone Under F.M Division-1	Item	1	LTM (e-GP)	DWASA Own fund	DMD	10.00	Plan Dates	15-Sep-25	29-Sep-25	20-Oct-25	25-Oct-25
									Actual Dates				
40	PW31	Installation of HT cable of main source at Red Cresent water Pump under MODS Zone-6, Dhaka WASA.	Item	1	DPM	DWASA Own fund	SE	1.20	Plan Dates	1-Aug-25	16-Aug-25	28-Aug-25	10-Sep-25
									Actual Dates				
41	PW32	Allocation for (as PPR-2008, Clause: 82/1) Emergency for breakdown maintenance work in different Zone under FM Division-1	Item	1	Force Account	DWASA Own fund	CE	3.00	Plan Dates				
									Actual Dates				
							Sub total:	445.20					